আমরা সবাই পড়লাম অত্যন্তরে। রাত প্রায় নটা। ধন্যবাদ জানাবো লোকাল পঞ্চায়েতকে যারা জায়গাটার চারিদিকে গাছের মাথায় কয়েকটা হ্যালোজেন লাগিয়ে দিয়েছে। স্পষ্ট দেখলাম ছলা পার্টির ছেলেরাও ভগ্ন মনোবল নিয়ে একপাশে বসে পড়েছে। অন্যান্য অফিসার আর স্টাফরা কেউ কোন কথা বা পরামর্শ করাও ছেড়ে ব্যর্থতার কারণ খুঁজছে। অগত্যা ঠিক হল আজ রাতে আর কিছু করার দরকার নেই। Dose দিয়ে দিয়ে রাখা হবে দুটোকেই। কিন্তু মুশকিল হল দাঁড়ানো হাতিটাকে নিয়ে। তখন রাত প্রায় নটা কি সাড়ে নটা হবে। আবার ছলা পার্টির ছেলেরা ডাকা হল। বলা হল হাতিকে শোয়াতে হবে যে কোন উপায়ে। ওরা তখন পূর্ব অভিজ্ঞতা থেকে নিজেদের মধ্যে আলোচনা সেরে তিনদিকে তিন দল টানতে শুরু করল। একদল গলায় বাঁধা দড়ি ধরে হাতির শরীরের এক সাইডে, ঠিক সেই সাইডেই আর এক দল চার পায়ের ফাঁক দিয়ে পেটের ওপর বাঁধা দড়ি ধরে টানতে শুরু করল। আর একদল opposite side-এর পেছন পা বেঁধে ৪৫ ডিগ্রী কোণে টানতে টানতে প্রায় দু ঘন্টা চেষ্টা করার পর শোয়াতে পারল। নিজের চোখে না দেখলে ঐ পরিশ্রম আর প্রয়াস বিশ্বাস করা বা বোঝা একেবারেই সম্ভব নয়। ওই সময় আমাদের প্রায় সব অফিসার আর স্টাফরা হাত লাগিয়ে চল্লিশজনের মিলিত শক্তিতে কাবু করতে পেরেছিল। অন্যটা শুষে আছে পাশে ১০-১২ ফুট দূরে। ভাল করে পা গুলো বেঁধে দেওয়া হল যাতে আর এ ঘটনার পুনরাবৃত্তি না হয়।

আকাশ ঘোর কুয়াশাচ্ছন্ন। ঠান্ডা বাড়ছে একটু একটু করে। দাঁড়ানো যাচ্ছে না। দাঁতে দাঁত লেগে যাচ্ছে এত ঠান্ডা। ঠিক হল আমরা সবাই ওখানেই রাত কাটাবো। হাতির কাছে থাকা দরকার। নজর রাখতে হবে যেন আবার না কোন অঘটন ঘটে যায়। বারবার দেখতে হবে। হাতির যাতে কোন বড় ক্ষতি না হয়ে যায়। পাশেই দেখলাম ছলা পার্টির ছেলেরা পোড়া মোবিল দিয়ে সুন্দর আগুন জ্বালিয়েছে। হাতিগুলোর থেকে ২০-২৫ ফুট দূরে, যেখান থেকে সোজা নজর রাখা যায়। রাত বাড়ছে, সবাই ভীষণ ক্লান্ত, উদ্বেগ আর হতাশায় পরিশ্রান্ত। আমরা মানে কয়েকজন অর্নব সেনগুপ্ত, অভিজিৎ কর, অজয় দাস, সোমনাথ সরকার, ভজ্জবাবু একটা কুন্ডের চারিদিকে আগুন জ্বেলে বসে আছি আর নজর রাখছি। রাত তখন তিনটে হবে। অর্নব এসে খবর দিল, যে হাতিটা প্রথম থেকে শুষে আছে তার নিশ্বাস পড়ছে না। বলে রাখা ভাল tranquilisation করার পর সব প্রাণীদের heart beat কমে যায়। শ্বাস প্রশ্বাসের হারও কম হয়। এখানে যে হেতু হাতি তাই প্রায় চার-পাঁচ





মিনিট পর পর নিশ্বাস পড়ছে। যে হেতু ঠান্ডা প্রচুর প্রায় ১০-১১ ডিগ্রী সেন্টিগ্রেড তাই একবার নিশ্বাস পড়লে সাদা ধোঁয়ার কুন্ডলি উঠছে, আর শব্দ কয়লার ইঞ্জিনের vapour বেরুবার মত। হঠাৎ প্রায় ছয় মিনিট পর নিশ্বাস পড়ল। আমরা হাঁপ ছেড়ে বাঁচলাম। যাক তাহলে বেঁচে আছে। সঙ্গে সঙ্গে জল নিয়ে সারা শরীর মুছে দেওয়া হল, যাতে temperature একটু কমে যায়।

ভোর হতে আরো দুই-আড়াই ঘণ্টা বাকি। এর মধ্যে যদি excavator আর ট্র্যাক্টর-এর সঙ্গে কথা বলে সকাল সকাল যোগাড় করা যায় তবে জনকোলাহল শুরু হওয়ার আগে রওনা করিয়ে দেওয়া যাবে। খোঁজ করতে করতে ডানকুনি থেকে একটা ফর্ক লিফটার আর একটা excavator যোগাড় করা গেল। তারা ভোর ছটার সময় চলে আসবে। কিন্তু ট্র্যাক্টর পাওয়া মুশকিল হল। অনেক কষ্টে স্থানীয় লোকজনের সহায়তায় দুটি ট্র্যাক্টর যোগাড় করা হল। এসে পৌঁছালো সকাল সাতটার দিকে। এবার ঘুমন্ত হাতদ্বয়কে ট্র্যাক্টরে তোলা, আর তারপর বম্বে রোড ধরে ঝাড়গ্রাম হয়ে পুরুলিয়ার বন্দোয়ানের জঙ্গলে ছেড়ে দেওয়ার পালা। অনেক কসরত করে ??-এর প্রচণ্ড শক্তিশালী সিস্টেমিক দড়ি, আমাদের retro vehicle-এর দড়ি, মোটা কাছি দিয়ে আগাপাশতলা বেঁধে excavator দিয়ে দুটো হাতিকে ট্র্যাক্টরে তোলা গেল। তার পর উঁচু নিচু চাষ জমি পেরিয়ে ২ কি.মি. রাস্তা সাবধানের সঙ্গে নিয়ে এসে পাকা রাস্তার পাশে আবার ?? দিয়ে প্রায় ৩০ ফুট উঁচুতে সোজা লিফট করে তোলা হল দুটো full covered দশ চাকার ট্র্যাকে। এবার রওনা হবার পালা। সাথে sprayer machine। হাতির গায়ে নন্দ্যুতা করার জন্য বালতি বালতি জল, গ্লুকোজ আলাদা আলাদা করে দুটো গাড়িতে তোলা হল। প্রত্যেক গাড়ীর পিছনে একটা করে tranquilisation team থাকলো। আর আমাদের এখান থেকে veterinary doctor এবং রাস্তা জানা স্টাফের সাথে পূর্ণ দায়িত্বে থাকল, হাওড়ার এ.ডি.এফ.ও. মানস কুমার ঘোষ সাহেব। আগাম খবর দেওয়া হল ডি.এফ.ও. পূর্ব মেদিনীপুর, খড়গপুর ও ঝাড়গ্রামকে। তারা তাদের নির্দিষ্ট সীমানা থেকে escort করবে। চেকপোস্টে আগাম খবর দিয়ে রাখা ছিল যাতে কোথাও না দাঁড়াতে হয়। বিকেল পাঁচটার সময় পুরুলিয়ার বন্দোয়ানে গিয়ে আবার fork lifter-এর সাহায্যে নামিয়ে ঘুম ভাঙানোর ওষুধ প্রয়োগ করে পুরুলিয়ার C.C.F. শ্রী সৌরভ কুমার চৌধুরী সাহেবের নেতৃত্বে বন্দোয়ানের জঙ্গলে ছাড়া হল। ছাড়ার সাথে সাথে একটা ১০ মিনিটের মধ্যে জঙ্গলের মধ্যে হাওয়া হয়ে গেল। আর একটা অনেক রাতে জঙ্গলে গেল। শেষ হল পশ্চিমবঙ্গের মধ্যে এরকম কোন জনবহুল স্থান থেকে দু-দুটো মধ্য বয়স্ক হাতিকে tranquilize করে স্থানান্তর করার প্রক্রিয়া। এই অভিজ্ঞতা কোনদিন ভুলবার নয়। যতদিন বনদপ্তর থাকবে ততদিন এই ঘটনা কোথাও না কোথাও লিপিবদ্ধ থাকবে।

অকুণ্ঠ প্রশংসা প্রাপ্য বন দপ্তরের সমস্ত স্তরের কর্মচারীদের এবং হুন্না পার্টির ছেলেদের যারা নিজেদের জীবন বিপন্ন করে বহু মানুষের এবং দুটো হাতির জীবন রক্ষা করতে নিজেদের জীবনের ঝুঁকি নিয়েছিল।



## অরণ্যের অধিকার আইন— এক যুগান্তকারী সিদ্ধান্ত

উল্লাস নাথ, বনরক্ষক



২০০৬ সালের শেষ মাসে আমাদের দেশের সংসদের উভয় কক্ষে অর্থাৎ লোকসভা এবং রাজ্যসভায় যথাক্রমে ১০ই ও ১৮ই ডিসেম্বর বনভূমি সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ বিল আইনে পরিণত হয়। ফলে বনভূমি ও বনবাসীদের জীবন জীবিকার অধিকার সম্পর্কে এক নতুন দিকে মোড় নেয়। যে বিলটি উত্থাপিত হয় এবং আলোচনার পর স্বাভাবিক নিয়মে আইনে পরিণত হয় তার নাম হলো The Scheduled Tribes and Other Traditional Dwellers (Recognition of Forest Right) Act ২০০৬ অর্থাৎ উপজাতি এবং অন্যান্য বনবাসীদের বনভূমির উপর অধিকার প্রতিষ্ঠা সম্পর্কিত আইন। এই আইন সুনিশ্চিতভাবে স্বাধীনোত্তর ভারতবর্ষে সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশের মানুষের জন্য অত্যন্ত আশাব্যঞ্জক। দেশের দরিদ্রতম মানুষদের স্বার্থরক্ষার এক বলিষ্ঠ হাতিয়ার।

ইংরেজদের আমাদের দেশে ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠার মূল লক্ষ্য ছিল। প্রাকৃতিক সম্পদ যথেষ্টভাবে আহরণ করা। আর সেই লক্ষ্যেই তারা সরকারী উদ্যোগে বনভূমি অধিগ্রহণ করার পরিকল্পনা শুরু করে। মূলত বন অধিগ্রহণের লক্ষ্যে ১৮৬৪ সালে ভারত সরকার বনবিভাগ তৈরীর কথা ঘোষণা করেন। বনবিভাগ তৈরীর মূল উদ্দেশ্য ছিল বনজ সম্পদের রক্ষণাবেক্ষণ এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে আহরণ। তখন ভারতবর্ষে বিভিন্ন অঞ্চলের বনভূমি মূলত অরণ্যের বিভিন্ন জনগোষ্ঠীগুলির তৈরী সামাজিক আইনের অধীনে ছিল। কোথাও কোথাও সামন্ত প্রভুরা শিকার কী অন্য কোন আমোদ প্রমোদের জন্য বনাঞ্চলে বনসম্পত্তি স্থাপন করতো ও? ব্যবস্থা করতো যাতে এই সমস্ত মানুষের রুজি রোজগার হয়। ইংরেজ সরকার আমাদের দেশে বন পরিচালনা ব্যবস্থা প্রবর্তন করার জন্য ১৮৬৫ সালে জার্মান থেকে ডেট্রিস ব্র্যাডিস নামে একজন বনবিজ্ঞানীকে ভারতে নিয়ে আসে। তখন সারা ইউরোপের মধ্যে কেবলমাত্র জার্মানিতেই বনাঞ্চলের গবেষণা ও চর্চা হতো। ব্র্যাডিস ছিলেন একজন উদ্ভিদ বিজ্ঞানী এবং পরে বনবিজ্ঞানের গবেষক হিসেবে খ্যাতি লাভ করেন। এদিকে বি.এইচ বোডেন পাওয়েল নামে অপর একজন ইংরেজ বন আইন তৈরির ব্যাপারে তার ওপর আরও কিছু নির্দিষ্ট দাবী ইংরেজ সরকার দিয়েছিল। এই আইন তৈরী করার সময় তখনই একটা বিতর্ক শুরু হয়েছিল যে অরণ্যের অধিকার বনবাসীদের হাতে থাকবে নাকি রাষ্ট্রের অধিকারে থাকবে। বনের উপর বন অধিবাসীদের কোন অধিকার আনা উচিত নয়— এই মতের পক্ষে ছিলেন বি. এইচ. বোডেন পাওয়েল। অন্যদিকে বনবিজ্ঞানী ব্র্যাডিস এই মতের বিরোধী ছিলেন। তিনি মত দিয়েছিলেন বনবাসীদের অরণ্যে এবং অরণ্য আমাদের উপর কিছু কিছু অধিকার থাকা উচিত। প্রসঙ্গত বলে রাখি যে বোডেন পাওয়েল ইংরেজ সাম্রাজ্যবাদীদের প্রতিনিধিত্বকারী ব্যক্তি ছিলেন অন্যদিকে ব্র্যাডিস ব্রিটিশ সাম্রাজ্যবাদের অনুগত হলেও একজন বিজ্ঞানী হিসেবে সমাজবিজ্ঞানের তত্ত্বকে পাথেয় করে বন পরিচালনার দায়িত্ব পালনে তাঁর আগ্রহ আনুগত্যের তুলনায় কিছুটা বেশি ছিল। স্বাভাবিক নিয়মে ব্র্যাডিসকে পিছু হঠতে হয়। বনবাসীর প্রায় সমস্ত অধিকার অবজ্ঞা করে বন আইন তৈরি হয়।

বর্তমানে অরণ্য সংক্রান্ত ২টি আইন আমাদের দেশে বলবৎ আছে। একটি

হ'ল ১৯২৭ সালের বন আইন যা ঔপনিবেশিক শাসনের

আমলে তৈরি এবং অন্যটি হয় ১৯৮০ সালের বন

সংরক্ষণ আইন। দুটি আইনই মনে করে বন

এলাকায় বন অধিবাসীদের উপস্থিতি অরণ্য

সংরক্ষণের পরিপন্থী। অথচ ২০০৩ সালের

Forest survey?

এবার আসা যাক আলোচ্য বিষয়টির মূল কথায়। এপ্রিল

২০০৫-এ এটি খসড়া বিল দেশের বিভিন্ন অংশের মানুষের

মতামতের জন্য? করা হয়। বিলটির খসড়া প্রস্তুতের সময়

সরকারী আধিকারীক ছাড়াও কয়েকজন সমাজবিজ্ঞানীরাও এই

কাজে যুক্ত হন। জমা পড়া সমস্ত মতামত আলোচনা করে গ্রহণ ও

বর্জনের সুপারিশ সরকারের কাছে করার জন্য একটি যৌথ সংসদীয়

কমিটি গঠন করা হয়। এই কমিটির কিছু অংশ মূল বিষয়ে স্থান পায়।



এই আইনের মধ্য দিয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ অধিকার আদিবাসী ও অন্যান্য বনবাসীরা ভোগ করতে

পারবেন। মনে রাখা দরকার আইনটি শুধুমাত্র আদিবাসীরা ভোগ করতে পারবেন তা কিন্তু নয়, অন্যান্য বনবাসীরাও ভোগ করতে পারবেন, যা এক ঐতিহাসিক সিদ্ধান্ত। ২০০৯ সালের ১৩ই ডিসেম্বর পর্যন্ত বনভূমিতে বসবাসকারী সমস্ত আদিবাসীদের ভূমির অধিকার প্রতিষ্ঠিত হয়। এই অধিকার বংশপরম্পরায় ভোগ করা যাবে কিন্তু হস্তান্তর করা যাবে না। অ-উপজাতি বনবাসীদের বনাঞ্চলের অধিকার প্রদানের ক্ষেত্রে বলা হয়েছে যে, যারা কেবলমাত্র তিন পুরুষ অর্থাৎ ৭৫ বছর ধরে বনাঞ্চলে বসবাস করছেন তাদেরই এই অধিকার দেওয়া হবে। এই আইন অনুযায়ী ভূমি হস্তান্তরের সমস্ত দায়িত্ব গ্রামসভার উপর ন্যস্ত করা আছে। গ্রামসভার সিদ্ধান্ত মহকুমা দপ্তর, তারপর জেলা স্তর ও রাজ্য স্তরে পাঠাতে হবে। প্রতিটি স্তরে ভূমি, বন এবং উপজাতি কল্যাণ দপ্তরের সংশ্লিষ্ট আধিকারিক এবং তিনজন করে পঞ্চায়েত প্রতিনিধি থাকবেন।

কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই আইনে স্থান পেয়েছে। তা হলো পরিবার পিছু বনভূমির পরিসীমা ৪ হেক্টর পর্যন্ত নির্ধারণ করা। বিভিন্ন প্রকল্পের জন্য সংশ্লিষ্ট বনাঞ্চল থেকে উচ্ছেদ করে সেইরকম মানুষদের বসবাসের ব্যবস্থা করা। বনাঞ্চলে বসবাসকারী কোনও পরিবার বনভূমির চরিত্রের পরিবর্তন করতে না। এটা আইনত অপরাধ হিসাবে গণ্য হবে। অর্থাৎ গাছ কাটা যাবে না বা অরণ্যের চরিত্র নষ্ট করে এমন কিছু করা যাবে না। শাস্তিস্বরূপ প্রথমে জরিমানা এবং বারবার অপরাধ সংগঠিত হলে গ্রামসভায় সিদ্ধান্ত নিয়ে উচ্ছেদও করা যেতে পারে।

শুধুমাত্র আইন তৈরি করলেই হবে না। দরকার সার্থক প্রয়োগ। সমস্ত রাজনৈতিক হস্তক্ষেপের উর্দে উঠে যদি আন্তরিকতার সাথে এই আইন প্রয়োগ করা যায় তবেই আইনের স্বার্থকতা প্রকাশিত হবে এবং দেশের দুর্বলতম অংশের জনগণের জন্য স্বাধীন ভারতবর্ষ এক অনন্য নজির সৃষ্টি করবে। পৃথিবীতে এরকম আর একটি দেশও পাওয়া যাবে না যেখানে কোলকাতা শহরের মতো জনবহুল শহরের পরশে পৃথিবীর সর্ববৃহৎ বাদাবন — সুন্দরবন এবং সেই বনে রয়েল বেঙ্গল টাইগারের মতো বন্যপ্রাণী সংরক্ষিত। ঐতিহাসিকভাবে অরণ্য এবং জীব বৈচিত্র্য সংরক্ষণ ভারতবর্ষের মানুষের সাংস্কৃতিক অঙ্গ। দেরি হলেও তা বজায় রাখার জন্য ভারত সরকার এই যুগান্তকারী সিদ্ধান্তকে অবশ্যই স্বাগত।





## বন ও বন্যপ্রাণ সংরক্ষণ

ভাগ্যরতন খাঁ, অবসরপ্রাপ্ত শিক্ষক



বন ও বন্যপ্রাণ প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে প্রথমেই মনে পড়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের একান্ত কামনা—

“দাও ফিরে সে অরণ্য লহ এ নগর,  
লহ যেত লৌহ, লোষ্ট্র, কাষ্ঠ ও প্রাস্তর  
হে নব্য সভ্যতা।”

মানবসভ্যতার বিকাশে বৃক্ষ তথা বনের গুরুত্ব অসীম। এই তথ্য সর্বজন বিদিত যে, গাছ মানুষের পক্ষে ক্ষতিকারক কার্বন-ডাই-অক্সাইড গ্যাস আত্মস্থ করে ফিরিয়ে দেয় প্রাণধারণের জন্য অপরিহার্য অক্সিজেন। মানুষের জীবনের অস্তিত্ব রক্ষার স্বার্থে পরিবেশকে দূষণের হাত থেকে মুক্ত করতে, বন্য ও ভাঙ্গন প্রতিরোধে, নানাপ্রকার রোগ প্রতিরোধে, আবহাওয়া ও জলবায়ুর ভারসাম্য বজায় রাখতে বন ও বন্যপ্রাণ সংরক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। গাছাপলা প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখে। বিভিন্ন প্রকার এ্যালোপ্যাথিক, হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক ঔষুধ প্রস্তুতে বন ও বনের গাছপালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে আজও।

গাছ মানবজীবনের এক অমূল্য সম্পদ। হিসেব করে দেখা গেছে একটি গাছ যদি পঞ্চাশ বছর বাঁচে তবে তা পঞ্চাশ লক্ষ টাকার সমপরিমাণ অক্সিজেন পাওয়া যেতে পারে। গাছের অভাবে বৃষ্টিপাতের তারতম্য দেখা যায়। গাছ বহুমূল্য বনজ সম্পদ। ভারতের বননীতি হল সমতলে তেত্রিশ ভাগ এবং পার্বত্য অঞ্চলে তেযটি ভাগ বনভূমি রাখতে হবে। শুধুমাত্র সৌন্দর্য বিকাশই নয়, মানুষের অতি প্রয়োজনীয় বাস্তব জীবনও এই অরণ্য নাশে যথেষ্ট পরিমাণে বিপর্যস্ত হয়ে পড়েছে। কৃষি নির্ভর মানুষের কাছে বৃষ্টিপাত প্রকৃতির এমনই একটি অমূল্য উপহার, যার প্রভাবে মানব জীবনে টিকে থাকাই দায় হয়ে পড়ে। দীর্ঘ, উন্নত বৃক্ষরাজি, গভীর অরণ্য প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা করে কোনও একটি দেশের বৃষ্টিপাতকে নিয়ন্ত্রিত করে থাকে। নির্বিচারে বনের বৃক্ষচ্ছেদনে সেই বৃষ্টিপাত অনিয়মিত এবং অনিশ্চিত হয়ে পড়ে, যার স্বাভাবিক ফলস্বরূপ দেশের আবহাওয়া একদিকে যেমন উষ্ণতা বৃদ্ধি পায় অন্যদিকে তেমনি সবুজের সমারোহ ক্রমেই মরুভূমির উষর রক্ষতায় বিলীন হয়ে যায়।

এই সব প্রাকৃতিক বিপর্যয়ের অবশ্যম্ভাবী প্রভাব গিয়ে পড়ে কৃষিকর্মের ওপর। কৃষিক্ষেত্রে উৎপাদনের অপ্রতুলতা সমগ্র জাতীয় জীবনে গভীর অর্থনৈতিক সংকটের সৃষ্টি করে। আজকের মানুষ ভুলে গেছে, বৃক্ষশোভিত বনভূমি মানবজীবনের অতি ঘনিষ্ঠ বন্ধু, যার সংযোগে জীবন সুখময় হয়ে ওঠে।

তাই বন ও বনভূমির এই সর্বাঙ্গিক উপযোগিতার কথা মনে রেখে

পরিবেশ রক্ষায় বন ও বন্যপ্রাণ সংরক্ষণের তাৎপ

র্যটি উপলব্ধি করতে হবে। সেই কারণেই

কবিগুরু মরুবিজয়ের কেতনকে শূন্যে উড়িয়ে

নীরস জীবনে রসের প্রবর্তনাকে সঞ্চারিত করার

বাসনা জানিয়েছেন। বৃক্ষ আদিপ্রাণের ধারক।

বিশ্বকবি তাঁর ‘বৃক্ষ বন্দনা’ কবিতায় লিখেছেন—

“অন্ধ ভূমিগর্ভ হতে শুনেছিলে সূর্যের আহ্বান

প্রাণের প্রথম জাগরণে, তুমি বৃক্ষ আদিপ্রাণ,

উর্ধ্বশীর্ষে উচ্চারিলে আলোকের প্রথম বন্দনা

ছন্দোহীন পাষাণের বক্ষ পরে,”

কবি সুনীল গঙ্গোপাধ্যায় তাঁর কবিতায় লিখেছেন—

“গাছের ছায়ায় বসে বহুদিন কাটিয়েছি

কোনদিনই ধন্যবাদ দিইনি বৃক্ষকে।

এখন একটা প্রতিনিধি বৃক্ষ চাই

যার কাছে সব কৃতজ্ঞতা

সমীপেষু করা যায়।”



সন্দেহ নেই, তরুণতা জীবের ক্ষুধার নিবৃত্তির জন্য এনেছিল, বিশ্রামের জন্য দিয়েছিল ছায়া। কিন্তু মানুষ অপরিণামদর্শী। একদিন মানুষের জীবনে আশীর্বাদ নিয়ে এসেছিলেন যে শ্যামলা বনলক্ষ্মী, তাঁকেই অবজ্ঞা করে নিজেদের জীবনে অভিসম্পাতকেই যেন ডেকে আনল মানুষ। লোভ-লালসার তাড়নায় অরণ্যকে ধ্বংস করে নিজের ক্ষতি সে নিজেই করল। বায়ুকে নির্মল করবার ভার যে গাছপালার উপর, যার পাতা ঝরে গিয়ে ভূমিত উর্বরতা দেয়, তাকেই মানুষ নির্মল করল। এ প্রসঙ্গে কবিগুরু রবীন্দ্রনাথ যথার্থই বলেছেন, “অরণ্য নষ্ট হওয়ায় এখন সমূহ বিপদ আসন্ন। সেই বিপদ থেকে রক্ষা পেতে হলে আবার আমাদের আহ্বান করতে হবে সেই বরদাত্রী বনলক্ষ্মীকে।”

সন্দেহ নেই, বনলক্ষ্মীর অমর্যাদা বহু ক্ষেত্রেই আমাদের ভূপ্রকৃতি ও জলবায়ুর উপর অমোঘ প্রভাব বিস্তার করেছে। যেমন ভারতবর্ষের উত্তরে অংশ সহ আরও বিস্তীর্ণ অংশ বৃক্ষহীন হওয়াতে সেইসব অঞ্চলে গ্রীষ্মের উৎপাত অসহ্য হয়ে উঠেছে। বৃক্ষ নিধনের অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে মানবজীবন তথা জীব জগতের এই নিদারুণ দুর্দশা। তাই বৃক্ষরোপণের মধ্য দিয়ে ধরণীর প্রতি কর্তব্য পালন করলে ধরণী আবার তরুচ্ছায়া, ফুল ও ফলে হয়ে উঠতে পারে শ্যামল-সুন্দর। কারণ, ‘প্রবল প্রাণ’ এর অধীশ্বর বৃক্ষই তো পারে ‘মরুবিজয়ের কেতন’ ওড়াতে। অতএব গাছপালার বিনাশ করে নয়, যত্ন ও সমাদর সহ সংরক্ষণ করে এবং নতুন নতুন গাছ রোপণ করে আমরাই পারি মানব কল্যাণের পথকে প্রশস্ত করতে। আমাদের সর্বদাই মনে রাখতে হবে, ‘একটি গাছ একটি প্রাণ’।

বিশাল এই পৃথিবীর জীবজগৎ অসীম-অনন্ত রহস্যে পূর্ণ। কত রকমের জীব জন্তু যে এ জগতে আছে তা বলে বোঝানো যথার্থই কঠিন। তবে অত্যন্ত পরিতাপের কথা মানুষেরই লোভ-লালসা, স্বার্থপরতা, অবহেলা ও অপরিণামদর্শিতার জন্যেই বহু আকর্ষণীয় জীবজন্তু এরই মধ্যে পৃথিবী থেকে চিরতরে বিলুপ্ত হয়ে গেছে। অনেকে আবার বিলুপ্তির পথে। বহু জীব জন্তুর এই বিপদ-সম্ভাবনার কথা ভেবেই পৃথিবীর দেশে দেশে আজ বন্যপ্রাণী সংরক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। এই ব্যাপারে আমাদের ভারতবর্ষও খুব একটা পিছিয়ে নেই।

বিশেষজ্ঞরা বলছেন, ১৬০০ খ্রিস্টাব্দের পর থেকে অন্ততঃ ১৩৪ রকমের পাখি ও স্তন্যপায়ী জীব পৃথিবী থেকে চিরকালের মতো হারিয়ে গেছে। উদাহরণ হিসেবে বলা যায়, ডোডো পাখি বা প্যাসেঞ্জার পায়রার মতো প্রাণীদের কোনও দিনই আর দেখা যাবে না। সম্প্রতি বাঘেরাও বিপদে। নিশ্চিহ্ন হয়ে যাবার সম্ভাবনা ক্রমেই তাদের ক্ষেত্রে বাড়ছে। তাছাড়া, অতিমাত্রায় সতর্ক না হলে একশৃঙ্গ গন্ডারও নির্মূল হতে আর দেরী নেই।

বিশেষ কতগুলো কারণেই জীব জগতে আজ এই বিপদ। কতগুলো প্রাণী ধ্বংস হতে চলেছে বেহিসেবী ও বেআইনি শিকারের জন্য। যেমন, ভারতে গন্ডার হত্যা করা হয় তার খড়গের জন্য (যদিও প্রকৃত অর্থে এর কোন ঔষধী মূল্য বা গুরুত্ব নেই), হাতি নিধন করা হয় তার মূল্যবান দাঁতের জন্য, কুমির হত্যা চলে তার মূল্যবান চামড়া বিক্রি করে লাভবান হবার জন্য। কীট-পতঙ্গ হত্যা করার উদ্দেশ্যে অর্বাচীন মানুষ যে সমস্ত বিষাক্ত রাসায়নিক দ্রব্য ব্যবহার করে তা থেকেও বহু প্রাণীর অপমৃত্যু ঘটে। বিশেষ করে সে সব প্রাণীরই বিপদ ঘটে যারা কীট-পতঙ্গ খেয়ে বেঁচে থাকে। ভারতবর্ষ সহ সারা পৃথিবীতেই বনাঞ্চল ক্রমেই সঙ্কুচিত হচ্ছে। মানুষ ক্রমেই বেশি পরিমাণ জায়গা কাজে লাগাচ্ছে শহর ও জনবসতি গড়ে তুলতে, রাস্তা নির্মাণে এবং খামার গড়ার কাজে। এইসব ক্রমবর্ধমান চাহিদা অরণ্যবাসী বহু জীবজন্তুর অস্তিত্বকেই আজ বিপন্ন করে তুলেছে। আমাদের দেশে আবার এর সঙ্গে যুক্ত হচ্ছে প্রধানত জালানির প্রয়োজনে নির্বিচারে অরণ্য ধ্বংস করার প্রবণতা। ভারতের জাতীয় উদ্যানগুলিতে বাঘ, হাতি, সিংহ, চিতা, নেকড়ে, ভাল্লুক, বুনো শূয়ার, সম্বর, চিতল হরিণ, গন্ডার, বাইসন, ময়ূর ও নানাবিধ পাখি, সরীসৃপ ও কীট-পতঙ্গ ইত্যাদি নানা ধরনের পশু-পাখি দেখা যায়।

বিখ্যাত শিকারী ও লেখক জিম করবেট তাঁর ‘ম্যান ইটারস্ অব কুমায়ুন’ গ্রন্থে মন্তব্য করেছিলেন, “ভারতে যদি বাঘ নিশ্চিহ্ন হয়ে যায় তবে ও দেশ তার সবচেয়ে সুন্দর জীবটি হারিয়ে খুবই দরিদ্র হয়ে যাবে।” জলদাপাড়া ও গরুমারা অভয়ারণ্যের গন্ডার ও সুন্দরবনের রয়্যাল বেঙ্গল টাইগার-এর ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। বনে বসবাসকারী বিভিন্ন প্রকারের পাখি—যথা ময়ূর, টিয়া, ধনেশ প্রভৃতি অসংখ্য প্রজাতির পাখি—এরা হল অরণ্যের সম্পদ তথা সৌন্দর্য। এরাই বজায় রেখেছে প্রকৃতির ভারসাম্য। মানুষের প্রাণ ধারণের ক্ষেত্রে এরা অপরিহার্য। বিষধর সাপের বিষ থেকে বিভিন্ন রকম জীবনদায়ী ঔষধ তৈরি করা হয়। মানুষের মনের ওপরেও এরা বিশেষভাবে প্রভাব বিস্তার করে। বিভিন্ন রকমের বিচিত্র প্রজাতির পশু, পাখি, প্রজাপতি ইত্যাদি নানাবিধ বন্যপ্রাণীদের সৌন্দর্যে আমরা মুগ্ধ হই।

সর্বোপরি, ভারতের জাতীয় আয়ের একটি বড় উৎস। বিদেশে বিভিন্ন প্রকার বনজ সম্পদ রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় হয়। চিড়িয়াখানায় বন্যপ্রাণী রেখে জনসমক্ষে প্রদর্শন করে আর্থিক উপার্জন তো হয়ই, তদুপরি মনোরঞ্জন দিক থেকেও এর গুরুত্ব সমাধিক। তাছাড়া ভারতবর্ষের বিভিন্ন ন্যাশনাল পার্ক, স্যানচুয়ারী, ব্যাঘ্র প্রকল্প, কুমীর প্রকল্প, বার্ড স্যানচুয়ারী প্রভৃতি প্রতিষ্ঠানগুলিকে কেন্দ্র করে পর্যটনের জগতে মানুষের যে বিপুল অংশগ্রহণ—অর্থনৈতিক দিক থেকেও তার গুরুত্ব অপরিণীম। এসব দিক থেকে বিচার করলে জাতীয় জীবনে এদের গুরুত্ব সুবিশাল।

কিন্তু বর্তমানে নির্বিচারে বন্যপ্রাণী হত্যা করার ফলশ্রুতি হিসাবে মানব জীবনের অস্তিত্ব চরম বিপন্নতার সম্মুখীন হয়ে পড়েছে। নির্মল পরিবেশ এবং মানুষের জীবন ও জীবিকার স্বার্থেই বন্যপ্রাণী সংরক্ষণ অত্যন্ত প্রয়োজনীয়।



ভারতে স্থলভাগের মোট আয়তন হল ৩২৬.৮ মিলিয়ন হেক্টর। এর মধ্যে বনাঞ্চল আছে ৭৪.৬ মিলিয়ন হেক্টর এলাকার। অর্থাৎ ভারতের মোট স্থলভাগের শতকরা ২২.৭ ভাগে আছে বনভূমি। যেখানে কোনো দেশের অন্তত এক-তৃতীয়াংশ জায়গা জুড়ে বনভূমি থাকা উচিত বলে বিশেষজ্ঞরা রায় দেন, সেখানে ভারতে এর পরিমাণ যথেষ্টই কম, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। ভারতে মোট বনাঞ্চলের শতকরা মাত্র ১.৫ ভাগ মনুষ্য-সৃষ্ট বনভূমি। ভারতের জাতীয় উৎপাদনের শতকরা ১.৫ ভাগ আসে বনভূমি থেকে। বনাঞ্চলের বিভিন্ন কাজে এদেশে নিযুক্ত আছে লক্ষ লক্ষ লোক। অতএব দেখা যাচ্ছে, বনভূমি কেন্দ্রিক উৎপাদনের দিক থেকে তো বটেই, বনভূমির আয়তনের দিক থেকেও আমরা বিশেষভাবে পিছিয়ে। এই সমস্যার সমাধান করতে হলে আমাদের কর্তব্য, বন-সংরক্ষণে এবং বনজাত পণ্য উৎপাদনে অধিকতর যত্ন নেওয়া এবং বনভূমির আয়তন বাড়ানোর কাজে এগিয়ে আসা। আশার কথা, ১৯৮৮ সালের ডিসেম্বর এক ঘোষণায় ভারত সরকার স্বীকার করেছেন যে, ১৯৫২ সালে ঘোষিত বনভূমি-বিষয়ক নীতি তেমন ভাবে সাফল্য লাভ করতে পারেনি। তাই নতুন বনভূমি-নীতিতে দেশের অন্তত এক-তৃতীয়াংশ জায়গা জুড়ে বন-সংরক্ষণের বিষয়টিকে জাতীয় লক্ষ্য হিসেবে ধরা হয়েছে। এছাড়া, এই নীতিতে পাহাড় ও পার্বত্য অঞ্চলের অত্যন্ত দুই-তৃতীয়াংশ জায়গা জুড়ে বনভূমির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

ভারতে মোট ৫৮টি ন্যাশনাল পার্ক ও ৫১৪টি অভয়ারণ্য বা স্যানচুয়ারী আছে। কিন্তু তবু এমন কথা বলা যায় না, জাতীয় উদ্যান বা অভয়ারণ্যে বিরল বা লুপ্তপ্রায় ধরণের জীবরা নিশ্চিত বা নিরাপদ। লোভী চোরা শিকারির দল শিং, দাঁত, খড়্গ বা চামড়ার লোভে প্রায়ই এদের হত্যা করে। বর্তমান জনসংখ্যার দ্রুত বৃদ্ধির ফলে মানুষ যথেষ্টভাবে বনভূমি ধ্বংস করে চলেছে। বনের গাছপালা কেটে বসতবাড়ি তৈরি হচ্ছে। নির্বিচারে হত্যা করা হচ্ছে জীবজন্তু। বনের গাছপালা নির্বিচারে কেটে ফেলার ফলে শত শত প্রজাতির পশুপাখি চিরতরে বিলুপ্ত হয়ে যাচ্ছে। ১৯৬৩ সালের পরিসংখ্যান অনুযায়ী ভারতে বাঘের সংখ্যা ছিল প্রায় ১৫ হাজার, বর্তমানে তা কমে গিয়ে দাঁড়িয়েছে মাত্র দুই হাজারের কাছাকাছি সংখ্যায়। একইভাবে কমেছে বিভিন্ন প্রজাতির স্তন্যপায়ী জীব, বিভিন্ন প্রজাতির পাখি।

বন্যপ্রাণী অবলুপ্তির অন্যতম প্রধান কারণ হল অরণ্য-নিধন। বন্যপ্রাণীদের বাঁচিয়ে রাখা মানুষের অন্যতম প্রয়োজনীয় দায়িত্ব। কারণ, তাদের এক একটি প্রজাতির অবলুপ্তি সর্বদাই মানুষের ক্ষতি ডেকে আনে। যেমন, বাঘ বিলুপ্ত হলে হরিণের সংখ্যা বৃদ্ধি পাবে। হরিণের সংখ্যা বৃদ্ধি পেলে তারা অরণ্য নিঃশেষ করবে। তখন এই হরিণরাই অরণ্য-পার্শ্ববর্তী কৃষিক্ষেত্রে ধ্বংসলীলা চালাবে। আবার অরণ্য নিধনের পরিণতিস্বরূপ বনে বসবাসকারী হাতিরা বনের মধ্যে থেকে তাদের খাদ্যের চাহিদা পূরণ করতে পারছে না, ফলে তারা খিদের জ্বালায় বন থেকে বেরিয়ে এসে লোকালয়ে ঢুকে পড়ছে এবং সংশ্লিষ্ট মানুষদের মাঠের ফসল ও বসতবাড়ী সমূহের ক্ষতিসাধন করছে। এজন্যই পৃথিবীর বাস্তুতন্ত্র রক্ষা করা জরুরী। খাদ্যশৃঙ্খল তথা বাস্তুতন্ত্র রক্ষা ও প্রকৃতির ভারসাম্য রক্ষায় অরণ্যের পাশাপাশি বন্য প্রাণীর সংরক্ষণ ও সুরক্ষা একান্ত প্রয়োজন। অরণ্য, বন্যপ্রাণী এবং তার সঙ্গে জড়িত যে পরিবেশ, সেইসব নিয়েই পারস্পরিক নির্ভরতায় আমাদের মানবজীবন গঠিত। এদের ভিতর একটির বিনাশ হলে, অপরটিও গিয়ে দাঁড়াবে মৃত্যুর মুখেমুখি। প্রখ্যাত সাহিত্যিক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর ‘পালামো’ গ্রন্থে যথার্থই বলেছেন— “বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রেড়ে।” অরণ্য মানব সভ্যতা বিকাশে যথার্থ সহায়ক। বন্য প্রাণীর সৌন্দর্য বিকাশে বনই যথার্থ ক্ষেত্র, তেমনি বন্যপ্রাণী ছাড়া বনের সৌন্দর্য অভাবনীয়। কিন্তু হিতাহিত জ্ঞানশূন্য মানুষ আজ তাদের সামান্য স্বার্থের জন্য ক্রমশঃ অরণ্য নিধনে অত্যন্ত উৎসাহী। নির্বিচারে অরণ্য নিধনের ফলে বন্যপ্রাণীরা তাদের প্রধান অবলম্বনকেই হারাতে বসেছে। যদিও কালের সঙ্গে সঙ্গতি রেখে মানুষ আজ বুঝতে পারছে বন্যপ্রাণীর সংরক্ষণ কতখানি গুরুত্বপূর্ণ। মানুষ তো প্রাণীজগতের বহির্ভূত জীব নয়। তাই মানুষ আজ উপলব্ধি করছে তাদেরই মতো বন্যপ্রাণীদেরও প্রাণধারণের অধিকার আছে।

সংরক্ষণ বলতে বনের মধ্যে বন্যপ্রাণীদের স্বাধীনভাবে বিচরণের যাবতীয় সুব্যবস্থাকে বোঝায়। মূলত পরবর্তী প্রজন্মের সুফলের তাগিদেই প্রাণীজগতের নিয়ন্ত্রিত বিধি-ব্যবস্থাই বন্যপ্রাণী সংরক্ষণের আসল অভিপ্রায়। বন্যপ্রাণী সংরক্ষণের প্রধান গুরুত্ব এখানে যে, আরণ্যক প্রাণীদের সুস্থাস্থ্যের উপর জীবজগতের অস্তিত্ব নির্ভরশীল। জৈবমণ্ডল কেবল জীবজন্তুর মধ্যে সীমাবদ্ধ নয়; বাতাস, মাটি, জল অর্থাৎ এককথায় জীবজগতের সঙ্গে সম্পর্কযুক্ত উপাদানসমূহ প্রাণীদেরও সমান অধিকার রয়েছে। এজন্য জৈবমণ্ডলের সুস্থাস্থ্য টিকিয়ে রাখতে বন্যপ্রাণীর সংরক্ষণ একান্ত প্রয়োজন। পরিবেশের ভারসাম্যের উপর জীবজগতের প্রাণীসকল একান্তই নির্ভরশীল। তাই যথেষ্ট পরিমাণে বৃক্ষচ্ছেদন না করে ও বন্যপ্রাণীদের হত্যা না করে বরং পরিবেশের ভারসাম্যের প্রতি সযত্ন হওয়া একান্ত কাম্য।

ভারতের মতো দেশে আইন করে অরণ্য নিধন বন্ধ ও লুপ্তপ্রায় বন্যপ্রাণী শিকার বন্ধ করলেই শুধু চলবে না, সেই সঙ্গে দেখতে হবে ওই সব প্রাণী বা তাদের দেহের কোন অংশ বিদেশে রপ্তানি করা না হয়। ভারতেও লুপ্তপ্রায় কোনো প্রাণী আমদানি করা বা সেই সব প্রাণীর দেহের কোন অংশ ক্রয় করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ হওয়া উচিত। এ ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্র অনেকটা এগিয়েছে। ১৯৭৩ খ্রিস্টাব্দে সেখানকার সরকার লুপ্তপ্রায় বন্যপ্রাণী আইন প্রণয়ন করে। সেই আইনে স্পষ্ট ভাষায় উল্লেখ আছে, নিশ্চিহ্ন হয়ে যাবার সম্ভাবনা আছে এমন কোন প্রাণী বা তাদের দেহের কোনো অংশবিশেষ ক্রয় করা চলবে না। বস্তুত, যতদিন না পৃথিবীর সব দেশই বিলুপ্ত হয়ে যাবার সম্ভাবনা যুক্ত প্রাণীদের কেনাবেচা ও হত্যা করা সম্পূর্ণরূপে বন্ধ করে ততদিন আসল বিপদ কাটাবার কোনো সম্ভাবনা নেই। আশার কথা, বিজ্ঞানীরা বন ও বন্যপ্রাণী সংরক্ষণে সাহায্য করছেন। ভারতেও রেডিও সিগন্যাল ইত্যাদির সাহায্যে জীব জন্তুদের গতিবিধি জানবার ব্যবস্থা হচ্ছে। তাছাড়া, বিভিন্ন চিড়িয়াখানা কর্তৃপক্ষের সাহায্য নিয়ে এদেশেও চলছে লুপ্তপ্রায় প্রজাতির জীবদের অস্তিত্ব রক্ষার ব্যবস্থা। ভারতের বিভিন্ন স্থানে বন্যপ্রাণী সংরক্ষণের উদ্দেশ্যে বেশ কিছু সংখ্যক জাতীয় উদ্যান (National Park)





ও অভয়ারণ্য গড়ে তোলা হয়েছে, এদের মধ্যে উল্লেখযোগ্য হল— উত্তরপ্রদেশের ‘করবেট ন্যাশনাল পার্ক’, অসমের ‘কাজিরাঙ্গা’, গুজরাটের ‘গির’, কেরলের ‘পেরিয়ার’, পশ্চিমবঙ্গের ‘সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প’, ‘কুমির সংরক্ষণ প্রকল্প’, ‘জলদাপাড়া ন্যাশনাল পার্ক’, ‘গোরুমা ন্যাশনাল পার্ক’, ‘বক্সা ব্যাঘ্র প্রকল্প’, ওড়িশার ‘সিমলি পাল’, কর্ণাটকের ‘বন্দিপুর’ ইত্যাদি। ভারতে মোট ৫০টি ব্যাঘ্র প্রকল্প আছে। এই সমস্ত প্রকল্পের মাধ্যমে জীবজন্তুদের আরণ্যক পরিবেশে সহজ, অবাধ ও স্বাভাবিক জীবনযাত্রার সুযোগ করে দেওয়া হচ্ছে। গাছপালা আমাদের প্রাণের ধারক ও বাহক। তারা আমাদের যে অফুরন্ত প্রাণের সম্ভার উপহার দেয় আমরা যেন তা ভুলে না যাই। বৃক্ষকে প্রাণ দিয়ে ভালোবাসতে হবে। গাছপালা না থাকলে আমরাও থাকবো না—এই বোধকে মনে গেঁথে নিতে হবে। বৃক্ষ নিধনের অভিশাপ থেকে দ্রুত মুক্তি পেতে হবে আমাদের। কবিগুরুর ভাষায়—

“এসো নীপবনে ছায়াবীথি তলে  
এসো করো স্নান নবধারা জলে।”

পৃথিবীর বিভিন্ন উন্নত ও উন্নয়নশীল দেশগুলিতে বন্যপ্রাণীদের বাঁচানো বা সংরক্ষণের জন্য এবং সেই সঙ্গে পরিবেশ রক্ষার্থে বৃহত্তর আন্দোলনের সূচনা করা হয়েছে। গঠিত হয়েছে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা। এদের মধ্যে উল্লেখযোগ্য হল World Wild Life Fund (WWF)। ভারতে বর্তমানে পশুপাখি শিকার এবং হত্যা আইনত নিষিদ্ধ। এর শাস্তি জেল অথবা জরিমানা। এছাড়াও বিভিন্ন ব্যক্তি বা সংস্থার উদ্যোগে গড়ে উঠেছে সংরক্ষণ আন্দোলন। এছাড়াও নানা ধরনের সভা-সমিতি, সেমিনারের মাধ্যমে জন সচেতনতা বাড়ানোর প্রচেষ্টা চলছে। তবুও শুধুমাত্র সভা-সমিতি বা নিয়মমাফিক কিছু কর্মসূচি গ্রহণ করলেই দায়িত্ব শেষ হয়ে যায় না। মানুষের মনে যতদিন পর্যন্ত গাছপালা, পশুপাখির প্রতি ভালোবাসার বীজ সঞ্চারিত না হবে ততদিন পর্যন্ত শুধুমাত্র আইনের সাহায্যে বন ও বন্যপ্রাণী রক্ষা বা সংরক্ষণ সম্ভব নয়। এই সত্য মর্মে মর্মে উপলব্ধি করলেই বন তথা গাছপালা বাঁচবে, বন্যপ্রাণী বাঁচবে, বাঁচবে মানুষও।

#### সাহিত্যে অরণ্য

সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর উপন্যাস ‘কপালকুন্ডলা’, ‘দেবী চৌধুরাণী’ প্রভৃতি উপন্যাস অরণ্য প্রকৃতির জীবন্ত প্রতিমূর্তি। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যে অরণ্যের একগুচ্ছ আধিপত্য। তাঁর ‘মুক্তধারা’ নাটকের অভিজিৎ, ‘ডাকঘর’ নাটকের অমল, ‘সমাপ্তি’ গল্পের মৃন্ময়ী—এরা সকলেই প্রকৃতির সন্তান। বিভূতিভূষণের অপু তো ‘মাটি দেখিতে না পারিলে থাকিতে পারে না’। ‘আরণ্যক’ তো অরণ্যজীবন নির্ভর উপন্যাস। সঞ্জীব চট্টোপাধ্যায়-এর পালামৌ, বুদ্ধদেব ভট্টাচার্যের ‘সুখের কাছে’ প্রভৃতি উপন্যাসে বড়ো জায়গা করে নিয়েছে অরণ্য প্রকৃতি। এছাড়াও আরও অসংখ্য গ্রন্থে অরণ্য-প্রকৃতির জয়গান গাওয়া হয়েছে।



## কেশররেখার জঙ্গলকথা

পার্থ দেবনাথ, ফরেস্ট রেঞ্জার



শাল-পিয়াল-মহলের চেনা অচেনা নয়গ্রাম। কত ইতিহাসের সাক্ষী জঙ্গলমহলের এই এলাকা। অরণ্যসুন্দরী ঝাড়গ্রাম জেলার নয়গ্রাম ব্লকের ছোট্ট একটি রেঞ্জ কেশররেখা। একপাশ দিয়ে বয়ে চলেছে লাবণ্যময়ী সুবর্ণরেখা। লালমাটির গন্ধে প্রকৃতি সেজে ওঠে নিজস্ব সৌষ্ঠবে। শীতকালের শুষ্ক শৈত্যের অবসানে প্রকৃতি যখন জরাজীর্ণ, শাল মহলের বৃক্ষরাজির কঙ্কালসার পর্ণমোচীর পত্রমোচন যখন সম্পন্নপ্রায়, প্রকৃতির বুকে আগমন ঘটে নব বসন্তের। এ যেন এক আগমনীর বার্তা, ঋতুরাজ বসন্ত ধরাধামে আনয়ন করে অরণ্যসুন্দরীর প্রকৃত রূপরেখাকে। শাল মহলের নূতন পত্ররাজির সবুজায়ন ও শিমুল পলাশের অপরূপ লালিমা কেশররেখার প্রাকৃতিক মাহাত্ম্যকে সকলের সামনে নিঃস্বার্থে উজাড় করে তোলে। এক বছর হয়ে গেলে কেশররেখা রেঞ্জ পোস্তিং হয়ে এসেছি। মনটা ভীষণ খারাপ ছিল যখন গুলম্যাপে কেশররেখার মানচিত্রে অবস্থান দেখেছিলাম। ওড়িশা রাজ্যের সীমান্তে কেশররেখা রেঞ্জের অবস্থান। জীবনের সব কঠিন চ্যালেঞ্জ গ্রহণ করাই সাহসীদের আত্মপ্রত্যয় বৃদ্ধিতে সহায়তা করে। সেরকমই কেশররেখাকে নবপ্রাণ সঞ্চারে সন্নিবিষ্ট করাই আমার পোস্তিং-এ চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছিল। প্রায় ৩৫০০ হেক্টর জঙ্গল এলাকা ও ৫২টি বন সুরক্ষা কমিটির সমন্বয়ে কেশররেখা রেঞ্জটি সজ্জিত। হাতি প্রবণ এই রেঞ্জ অভিজ্ঞতার ভান্ডার যে কারোর জীবনকথাকে সমৃদ্ধ করবে।

হাতি-মানুষ সংঘাত জঙ্গলমহলের ডায়েরীর যেন নিত্যনৈমিত্তিক ঘটনা। এই সংঘাতের সুদূরপ্রসারী সমাধান কীভাবে সম্ভব— এর অতলস্পর্শী উত্তর কবে কীভাবে পাওয়া যাবে, তা জানতে সকলের মতো আমরাও উৎসাহী। তবে এলিফ্যান্ট ড্রাইভিং-এ বিচিত্র অভিজ্ঞতা যথেষ্ট মর্মস্পর্শী ও ভীতিপ্রদ। জঙ্গলমহলের এই এলাকায় প্রায় একশোরও বেশী হাতির আনাগোনা। চিরাচরিত রুট ছেড়ে হাতি নতুন নতুন রুট ও করিডরে ভ্রাম্যমাণ, বা বিপদসীমার চূড়ান্ত পর্যায়ে উপনীত হয়েছে। হাতি ড্রাইভিং নিয়ে পূর্ব অভিজ্ঞতা না থাকায় যথেষ্ট ভীতিই মনে পুঞ্জীভূত হয়েছিল। তবে ফরেস্ট ডিপার্টমেন্টে যোগদানের মর্মার্থই হল সঠিক সাহসিকতার পরিচয়, প্রত্যুৎপন্নমতিত্বতা ও সিদ্ধান্ত গ্রহণের বিচক্ষণতা। কেশররেখায় অতিবাহিত প্রতিটি দিনই যেন উ পরিউক্ত মানবিক গুণগুলিকে তীক্ষ্ণ থেকে তীক্ষ্ণতর করে তুলেছে। দলমার হাতির দলটি কলাইকুন্ডা রেঞ্জ থেকে সুবর্ণরেখা অতিক্রম করে চাঁদাবিলা রেঞ্জের জঙ্গল ছুঁয়ে হাতির করিডর ওড়িশার নীলগিরি পর্যন্ত। হাতির এই স্বাভাবিক গতিপথে বাধা মানুষের সুচেনার অভাব, হঠকারিতা ও অতিরিক্ত অনাবশ্যক উৎসাহ। কেশররেখার সমস্ত এলাকা নিরবিচ্ছিন্ন জঙ্গল পরিবেষ্টিত নয়। মাঝেমধ্যে চাষযোগ্য জমি ও গ্রাম থাকার কারণে হস্তীকুলের স্বাভাবিক ছন্দ ব্যাহত হয়। হস্তীকুলের খাদ্যাভ্যাসের বদল, যথার্থ খাদ্যের ও বাসস্থানের অপ্রতুলতা এবং উত্তরোত্তর বংশবৃদ্ধির নিরল চেষ্টা হাতি-মানুষ সংঘাতকে মাত্রাতিরিক্ত রূপরেখা প্রদান করেছে। হাতি ড্রাইভিং-এ সবচেয়ে বড় চ্যালেঞ্জ গোটা দলকে একত্রিত করে নির্দিষ্ট রুটে সম্মুখপানে পরিচালনা করা। হাতি ভীষণই বুদ্ধিমান প্রাণী হওয়ায় আমাদের এই পরিকল্পনাকে ব্যর্থতায় পর্যবসিত করে ছোট ছোট দলে বিভক্ত হয়ে আমাদের হতভম্ব করতে তাদের জুড়ি মেলা ভার। জঙ্গলমহলের অধিবাসীরা বহুদিন ধরে হাতির আনাগোনা দেখলেও হাতিঠাকুরের আগমন হেতু অতিরিক্ত উৎসাহে দর্শনার্থীর ভূমিকায় অবতীর্ণ হয়, কখনও বা নিজের জমির ফসল রক্ষায় আবার হাতিকে বিরক্ত করতে ঢিল পাথর ছোঁড়া থেকে লেজ ধরে টানাটানি সব ঘটনাই ঘটমান। এভাবেই হাতি-মানুষ সংঘাত ব্যাপক থেকে ব্যাপকতর হচ্ছে এবং ফলশ্রুতিতে মৃতের তালিকা বৎসরাতে পূর্ব বৎসরের মৃত্যুর পরিসংখ্যানকে অতিক্রম করে চলেছে। তবুও জঙ্গলমহলের মানুষদের হাতি নিয়ে উৎসাহের এতটুকু ঘাটতি নেই। হাতির করিডর রাজ্য দেশ ইত্যাদির সীমা মানে না। কেশররেখার ক্ষেত্রেও



একই বাক্য প্রযোজ্য। হাতির করিডর ওড়িশা রাজ্য ভেদ করে নীলগিরি পর্যন্ত বিস্তৃত থাকলেও হাতির নির্বিঘ্নে আনাগোনা ওড়িশা রাজ্যের সীমান্তবর্তী বাসিন্দাদের সদিচ্ছার ওপর অনেকটাই নির্ভর করে। বাংলা-ওড়িশা সীমান্ত বরাবর নিরবিচ্ছিন্ন পরিখা খনন ও সেচের জন্য সুবর্ণরেখা প্রকল্পের ক্যানেল হাতির যাত্রাপথে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে।

জঙ্গলমহলের এই এলাকায় হাতির আসা যাওয়া বহু বছরের হলেও বর্তমানে সমস্যাটা ব্যাপক রূপ ধারণ করেছে। হাতির গতিপথ সঙ্কোচনের জন্য মেদিনীপুর-খড়গপুর ডিভিশনে হাতির চাপ অনেকটাই বেড়েছে। যেখানে পূর্বে হাতি বছরে একবার আসত, বর্তমানে তা ছয় থেকে সাত বার—এমনকি সারা বছরব্যাপীও হতে পারে। সঙ্গে রেসিডেন্সিয়াল হাতির অত্যাচারও কম নয়। অবশ্য রেসিডেন্সিয়াল হাতিগুলিকে স্থানীয় মানুষেরা আধার কার্ড দিয়ে দিয়েছে — এরকম অত্যাচার কেশররেখায় সর্বজনবিদিত। দল হাতির আগমনে রেসিডেন্সিয়াল হাতিগুলি উহাদের থেকে নিরাপদ দূরত্বে অবস্থান করে। তবে মানুষের মৃত্যুর জন্যে রেসিডেন্সিয়াল টাকারগুলিই প্রধানত দায়ী বলে ধারণা করা হয়। তবে দলহাতির দাঁতাল সদস্যরাও ফসল তছনছ করতে, ঘরবাড়ি ভাঙতে এবং মানুষ মারতে যথার্থ ভূমিকা পালন করে থাকে। হাতি ড্রাইভিং-এ দিনরাত সব এক হয়ে যায় সকলের। হাতি রেঞ্জের ঢুকলে সমস্ত গুরুত্বপূর্ণ কাজ ফেলে হাতিকে নির্দিষ্ট পথে পরিচালনা করে রেঞ্জের সীমা পার করানোটাই একমাত্র কাজ হয়ে পড়ে। হাতির দল চাষের ফসল খেয়ে ক্ষয়ক্ষতির পরিমাণ লাগামছাড়া করলে হতদরিদ্র কৃষকের মাথায় হাত পড়ে। বিক্ষুব্ধ জনতার রুদ্রমূর্তি কখনো বা গালিগালাজ, আবার ঘেরাও করে রাখা, এমনকি তীর-ধনুক দিয়ে আদিবাসীদের ভীতি প্রদর্শন—এসব যেন ফরেস্টার ডায়েরীর প্রতি পাতায় লিপিবদ্ধকরণের প্রক্রিয়ামাত্র। ঘটনার ভয়াবহতা এতটাই যে বনবিভাগের স্টাফ, বীটাবাবু, বড় বাবু জীবনের ঝুঁকি নিয়ে প্রতিকূল পরিবেশেও বীচক্ষণতার পরিচয় দিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করেন। তবে সহায়তার বাঁধ ভাঙলে পুলিশ প্রশাসনের শরণাপন্ন হতে হয়। কেশররেখা রেঞ্জের বালিমুন্ডি গ্রামের গত বছরের ঘটনা। আমাকে এবং বীটাবাবু সহ স্টাফদের শখানেক লোক হাতি ড্রাইভিং-এ বাধা দেয়। এমন কি ছলাপাটির সরঞ্জামও ছিনতাই করতে উদ্যত হয়। এমন ঘটনা নয়াগ্রামের বিভিন্ন অংশে প্রায়শই ঘটে চলেছে। এমন ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা সদার্থক ভূমিকায় অবতীর্ণ হই এবং আগ্রাসী জনগণের সার্বিক সহায়তা কামনা করি। কিন্তু সাধারণ মানুষের ধৈর্যের বাঁধ ভাঙতে থাকলে তারা কার্যত কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়ে। অবস্থার সুযোগ নিয়ে বেশ কিছু সুযোগ-সন্ধানী অসাধু ব্যক্তি বনবিভাগের বিরুদ্ধে ক্ষতিগ্রস্ত সাধারণ মানুষকে উসকাতে থাকলে জনগণের ক্ষোভের শিখা প্রজ্জ্বলিত হয় এবং তখনই বনবিভাগের কর্তব্যরত স্টাফ ও অফিসারদের জীবনের আশঙ্কা তৈরী হয়। ঘরবাড়ি ভাঙলে কিংবা মানুষের মৃত্যুতে এই ক্ষোভ চতুর্ভুজে বৃদ্ধি হয় এবং কার্যক্ষেত্রে পুলিশ প্রশাসনও দর্শকের ভূমিকা পালন করতে বাধ্য হন। অনেক ক্ষেত্রেও মাঝরাাত্রিতেও জনগনকে বুঝিয়ে আশ্বস্ত করে কিংবা ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দিয়েও পুলিশ, ব্লক ও ফরেস্ট প্রশাসনের ত্রয়ী ভূমিকায় পরিস্থিতির সামাল দিতে হয়। সর্বোপরি বনকর্মচারীদের পরিবারকে অহনিশি চরম আশঙ্কা ও ভয়াবহতার মাঝেই স্টাফ কোয়ার্টারে একলা থেকেই নিশিাপন করতে হয়। এভাবেই বনকর্মচারীদের পাশাপাশি তাদের পরিবারেরও অসীম সাহসিকতা, ধৈর্য ও জনগনের নিরিখে কার্যত পরোক্ষ আত্মত্যাগের চয়নকথা কেশররেখা রেঞ্জের প্রতিটি ইট, কাঠ, পাথর সামান্য বহন করে চলেছে।

সুদূর ঝাড়খন্ডের দলমা থেকে হাতির দল পশ্চিমবঙ্গ ছুঁয়ে ওড়িশা সীমান্তে উপনীত হলে গভীর পরিখা খনন হেতু স্বাভাবিক যাত্রাপথে বাধাপ্রাপ্ত হয়। এক্ষেত্রে ওড়িশা সীমান্তবর্তী বাসিন্দাদের সদিচ্ছার ওপর হাতির গতিপথ ওড়িশা সীমান্ত অতিক্রম করে নীলগিরি অবধি যেতে পারে। কিন্তু বন্যপ্রাণ বিশেষজ্ঞরা বলছেন হাতির স্বাভাবিক গতি পথে বাধাদান উচিত নয়। তাই ওড়িশা বর্ডারে হাতি ড্রাইভিং নিয়ে সমস্যা লেগেই থাকত। কিন্তু এর সুষ্ঠু সমাধানের বড়ই প্রয়োজন ছিল। গত সেপ্টেম্বর দুই ধাপে একশোটিরও বেশী হাতি ওড়িশা বনবিভাগ নিতে একপ্রকার বাধ্যই হয়েছিল। ওড়িশার ড্রাইভিং টিম সেই দলকে নীলগিরি পর্যন্ত নিয়ে গেলেও সেই স্থান থেকে ফেরার সময় জমিতে ফসল না থাকায় ভীষণই সমস্যার সম্মুখীন হল। এ এক মহাসমস্যা। জমিতে ফসল থাকলে ড্রাইভিং-এর সময় ন্যূনতম ক্ষতিসাধন করেই হাতির দল সম্মুখপানে অগ্রসর হয়। তবে ফসল কাটা হয়ে গেলে হাতির খাদ্যের অবশিষ্ট থাকে না। তখনই বনবিভাগের অশান্তির সীমা চরম পর্যায়ে পৌঁছায়। গোলায় সংগৃহীত ধানের খোঁজে ও গন্ধে হাতির দল গ্রামে হানা দেয় এবং ঘরবাড়ি ভাঙতে শুরু করে। ওড়িশাতেও এই সমস্যা প্রকট হয়ে উঠলে প্রায় মাস দুয়েক হাতির দলটির তান্ডবলীলায় ওড়িশার বনবিভাগ অতীষ্ঠ হয়ে ওঠে। এমতাবস্থায় হাতির দল কেশররেখা রেঞ্জে প্রবেশ করে। এতদিন যে হাতি ওড়িশাতে তান্ডব চালাচ্ছিল, পশ্চিমবঙ্গেও তার ব্যতিক্রম হল না। জমিতে একমুঠো ফসলও নেই। হাতির লক্ষ্য গ্রামের গোলাবাড়ি ও ঘরবাড়ি। দিনে বাঁশখালির জঙ্গল থেকে বিকাল হতেই গ্রামে গ্রামে তান্ডব শুরু। আদিবাসীদের ঘরে ঘরে মজুদ হাঁড়িয়া ও মছলের মদ হাতিকে গ্রামে বেশি আকৃষ্ট করে। ফলস্বরূপ হাতি গ্রামে গ্রামে ঘরবাড়ি ভাঙতে লাগল। কেশররেখা রেঞ্জের স্টাফ ও ছলাপাটিরও সেই তান্ডব সামলাতে একান্তই নিরুপায় হয়ে পড়লে ডাক পড়ে নয়াগ্রাম ও চাঁদাবিলা ছলাপাটির। অবশেষে হাতির দল বাঁশখালির জঙ্গল ছেড়ে রামকৃষ্ণপুর বীটের এলাকায় ঢুকে পড়ল। ইতিমধ্যে দশদিন কেটে গেলেও হাতির দল কেশররেখার এলাকা ছাড়ল না। ঘটনাক্রমে একটি পুরুষ হাতির মৃত্যু হলে হাতির মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের পর তার সৎকারের ব্যবস্থা করা হয়। প্রতিশোধম্পূর্ণ যে বন্যপ্রাণের মধ্যেও বিদ্যমান তার প্রমাণ পরদিনই পাওয়া গেল। রাখালবনের জঙ্গলে হাতির দলের সম্মুখে পড়ে গেল এক অশীতিপর বৃদ্ধ। নির্মমভাবে পদপিষ্ট হয়ে মৃত্যু হল তার। এ যেন প্রকৃতির নিয়ম। নিজের দলের সদস্যের মৃত্যুর প্রতিশোধ যেন আকাশে বাতাসে ধ্বনিত হল। হাতি চরিত্রের অদ্ভুত দিক হল, তারা কোন মানুষ মারলে সেই এলাকা দ্রুত পরিত্যাগ করে। এই ঘটনাতেও তার ব্যতিক্রম হল না।





ক্ষয়ক্ষতিসাধন সম্পন্ন করে অবশেষে হাতিঠাকুর কেশররেখার এলাকা অতিক্রম করে চাঁদাবিলায় প্রবেশ করল। ফলস্বরূপ কয়েক লক্ষ টাকা সরকারী ক্ষতিপূরণ সুবিধাভোগী ও ক্ষতিগ্রস্তদের মধ্যে দেওয়া হল। জনগণের অপরীক্ষিত ক্ষতির আংশিক মেরামতির একমাত্র পথ এই সরকারী ক্ষতিপূরণ, বা ক্ষতিগ্রস্ত পরিবারের কিঞ্চিৎ দুঃখ নিবারণ করে।

জঙ্গলমহলের প্রত্যন্ত কেশররেখার উন্নয়ন যেন বেশ কিছুক্ষেত্রে স্তব্ধ হয়েছিল। কোথাও যেন মনে হয়েছিল বন সুরক্ষা কমিটি ও গ্রামের মানুষকে পুনরুজ্জীবিত করে জঙ্গল রক্ষায় উৎসাহী করার প্রয়োজন আছে। বার্ষিক সাধারণ সভা ও বাঁট লেভেল সমন্বয় কমিটির সভার মাধ্যমে জঙ্গল রক্ষা ও নতুন বনসৃজনের জন্য সবাইকে উৎসাহিত করার চেষ্টা করলাম। হাতি নিয়ে জনসচেতনতা ও মাইকিং জনমানসে সঞ্চারিত করতে সচেষ্ট হলাম। বনকর্মীদের নিরলস চেষ্টা ও বাঁটবাবুদের আন্তরিক শুভকামনায় গ্রামের মানুষ আরও বেশি করে সচেতন হচ্ছে এবং জঙ্গল ও বন্যপ্রাণ রক্ষায় সদর্থক ভূমিকা পালন করে চলেছে। প্রকৃতপক্ষে বন ও বন্যপ্রাণ রক্ষার মূল বীজ নিহিত রয়েছে জনমানসের সাথে বনদপ্তরের সম্পর্ক ও যোগাযোগের ভিত্তির উপর। আজ গ্রামের মানুষ বনরক্ষায় কেশররেখার বৃক্ক দায়িত্বশীল হয়েছে। বন্যপ্রাণ শিকার প্রতিরোধ, জঙ্গলে আগুন লাগানোর কুফল প্রতি সম্পর্কে কেশররেখার মানুষ বেশ সচেতন হচ্ছে। হাতি এল বনদপ্তরের সাথে সহযোগিতা করে সুষ্ঠুভাবে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের প্রচেষ্টা কেশররেখার জনমানসে আজ বিদ্যমান। জঙ্গলমহলের কেশররেখার মানুষ সত্যিই অরণ্যনির্ভর। দুমুঠো অন্নের জন্য সাঁওতাল, লোথা আদিবাসীরা শুনকো কাঠ কুড়োতে, কেউবা পাতা সংগ্রহ করতে সকাল থেকেই জঙ্গলে জঙ্গলে বেড়িয়ে পড়ে। কখনো বা অন্যায্য করলে ফরেস্টার বাবুরা ভারতীয় বন আইনের ধারা তাদের উপর প্রয়োগ করেন। আইনের রক্ষক ও মানবিকতার দ্বন্দ্ব উপযুক্ত পদক্ষেপের মাধ্যমে সমস্যার সমাধানে আমরা উদ্যোগী হই। বর্তমান বনসৃজনের পাশাপাশি অন্যান্য উন্নয়নমূলক কাজের মাধ্যমে তাদের জীবনযাত্রাকে উন্নত করার লক্ষ্যে বনবিভাগ সदा সতর্ক। জাইকা, ক্যাম্প, আর.কে.ভি.ওয়াই প্রভৃতির প্রকল্পের মাধ্যমে আদিবাসীদের কাজের সুযোগ দেওয়া হচ্ছে। অনেক ক্ষেত্রে ফুটবল প্রতিযোগিতার আয়োজনের মাধ্যমে বনসুরক্ষা কমিটিগুলিকে উৎসাহিত ও সক্রিয় করার চেষ্টাও চলছে। এভাবে জঙ্গল-সংলগ্ন মানুষদের কাজে নিয়োগ করে ও আনুষ্ঠানিক কার্যকলাপের মাধ্যমে উৎসাহিত করে বনসংরক্ষণের প্রচেষ্টা সত্যিই প্রশংসনীয়। প্রকৃতির ডাকে সাড়া দিতে গিয়ে ভোরে বহু মানুষের হাতির হানায় জঙ্গলে মৃত্যু হয়েছে। আদিবাসী ভাইদের অনেকের বাড়িতে তাই বনদপ্তরের উদ্যোগে শৌচাগার নির্মাণ করে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, যা অদূর ভবিষ্যতে হাতি-মানুষ সংঘাতে মানুষের মৃত্যুকে অনেকাংশেই লাঘব করবে বলে আশা রাখা যায়।

আদিবাসী জীবন ও অরণ্য যেন ওতপ্রোতভাবে জড়িত। অরণ্যের প্রতি আদিবাসীদের ভালোবাসা কম নয় এবং জঙ্গল থাকলেই বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় থাকবে এবং সকলে মুক্ত দৃষ্টিপাশে পরিবেশে প্রাণভরে শ্বাস নিতে পারবো। এই উপলব্ধি জনমানসে বেশি করে সঞ্চারিত করে অরণ্য সংরক্ষণে উদ্যোগী করতে পারলেই আমাদের এই চাকরীর স্বার্থকতা। শত কষ্টের মধ্যেও পরিবার থেকে কয়েকশো মাইল দূরে থেকেও বনকর্মচারীরা বন ও বন্যপ্রাণের জন্য নিঃস্বার্থে কাজ করে যাচ্ছে। তাই সকল মানুষকে বন সংরক্ষণের উপযোগিতা উপলব্ধি করাতে হবে। জঙ্গলকন্যা কেশররেখাকে আরও বেশি প্রাকৃতিক বৈচিত্রে সমৃদ্ধ করতে হবে। যুগের বিবর্তনে বনকর্মচারীরা ট্রান্সফার নিয়ে যাবে আসবে। শুধু কেশররেখার বৃক্ক বিরাজ করবে এখানকার আদিবাসী ও অরণ্যসম্পদ। হয়ত কোনদিন ট্রান্সফার নিয়ে আমি বা আমরা চলে যাব দূর থেকে দূরান্তরে। স্মৃতিবিজড়িত কেশররেখার প্রতি ভালোবাসা চিরকালই মনে থাকবে। মানুষ আরও বেশি দায়িত্বশীল হবে, অরণ্য ও বন্যপ্রাণ সংরক্ষণে কার্যকরী ভূমিকা গ্রহণ করবে। শাল-পিয়াল-মহলের বনে পাখির কলকাকলিতে আকাশ বাতাস মুখরিত হবে, সঙ্গে থাকবে বন্যপ্রাণ ও মানুষের সহবস্থান। ধামসা-মাদলের সুরের টানে গহন অরণ্যের বৃক্ক সুবর্ণরেখার বালুকারাশিতে প্রকৃতিপ্রেমীরা প্রাকৃতিক সৌন্দর্যে অবগাহন করছে—আজ থেকে বিশ বছর পরে এই সংবাদ পেলে আমাদের থেকে বেশি আনন্দিত আর কেউ হবে না। কেশররেখার সৌন্দর্য ও আরণ্যক জীবন জনমানসে সঞ্চারিত করতে পেরে কিছুটা হলেও আত্মতৃপ্ত হলাম। ভালো থেকো কেশররেখা—এখানকার আদিবাসী সমাজ এবং বন ও বন্যপ্রাণ।




## শহরজীবন ও সংরক্ষণ

শুভদীপ অধিকারী, গবেষক



সভ্যতার ক্রমবিকাশের সাথে তাল মিলিয়ে মানুষের সাথে প্রকৃতির সংযোগ কমছে। যন্ত্র নির্ভরতার কারণে মানুষ প্রকৃতির সাথে তার আন্তরসম্পর্ক অস্বীকার করে এগিয়ে চলেছে। যদিও এই এগিয়ে চলা হয়ত শেষের শুরু। জনসংখ্যা বৃদ্ধি পেয়ে আজ এমন জায়গায় পৌঁছেছে যা পৃথিবীর ধারণ ক্ষমতার বাইরে। মানুষের নিরাপদে বেঁচে থাকার জন্য জোহান রকস্ট্রম ও সহযোগী গবেষকরা নয়টি মাপকাঠি ও প্ল্যানেটারি বাউন্ডারি নির্ধারণ করেছেন। এর মধ্যে দুটি সম্পূর্ণ (জীববৈচিত্র্য ধ্বংস ও জলবায়ু পরিবর্তন) ও একটি অংশিক (নাইট্রোজেন চক্র) বাউন্ডারির নিরাপদ সীমা আমরা পার করে গেছি। বর্তমান সময়ে মানুষের কারণে যে হারে জীববৈচিত্র্য ধ্বংস হচ্ছে বিজ্ঞানীরা আশঙ্কা করছেন যে পৃথিবীর জীবপ্রজাতির এক গণবিলুপ্তির বা মাস এক্সটিক্সনের সামনে দাঁড়িয়ে রয়েছে। এই বিষয়ে বিষয়ে অ্যান্থ্রোপিন বার্নোঙ্কি ও সহলেখকরা ২০১১ সালে এক প্রবন্ধ প্রকাশ করেন নেচার পত্রিকায়। প্রসঙ্গত, পৃথিবীতে প্রাণের উদ্ভবের পর থেকে মোট পাঁচবার এইরকম জীবপ্রজাতির গণবিলুপ্তি ঘটেছে। যার কারণ হিসেবে বিজ্ঞানীরা চিহ্নিত করেছেন বিভিন্ন প্রাকৃতিক ঘটনা, যেমন পৃথিবীপৃষ্ঠে উল্কা বা ধূমকেতুর আছড়ে পড়া, বিধ্বংসী অগ্ন্যুৎপাত ইত্যাদি। ঠিক যেমন ভাবে আজ থেকে প্রায় ৬৫ মিলিয়ন বছর আগে ঘটা ক্রিটোসিয়াস-টার্সিয়ারী মাস এক্সটিক্সনের সময় পৃথিবীর ৭৬ শতাংশ প্রজাতি অবলুপ্ত হয়েছিল যার মধ্যে ছিল পৃথিবী শাসন করা ডাইনোসরেরা। কিন্তু আজ আমরা যে ষষ্ঠ অবলুপ্তির সামনে দাঁড়িয়ে তার কারণ একমাত্র মানুষ। উৎসাহী পাঠকরা এলিজাবেথ কোলবার্টের ‘দ্য সিলেন্ট এক্সটিক্সন অ্যান্ড আনন্যাচারাল হিস্ট্রি’ বইটি পড়ে দেখতে পারেন। জীববৈচিত্র্য হোক বা বন্যপ্রাণ তা ধ্বংসের নানাবিধ কারণ আছে। এর মধ্যে মূল চারটির দিকে নজর দিলে দেখব যে জীবনের আবাসস্থল ধ্বংস ও তার বিচ্ছিন্নতা অনিয়ন্ত্রিত শিকার বা হত্যা, বহিরাগত বা আগন্তুক প্রজাতির অনুপ্রবেশ এবং প্রজাতির পরোক্ষ অবলুপ্তি। এই বিষয়ে বিস্তারিত আলোচনা চার্লস ক্রেবস্ তাঁর ‘ইকোলজি দ্য এক্সপেরিমেন্টাল অ্যানালিসিস অফ ডিস্ট্রিবিউশন এন্ড অ্যাবান্ড্যান্স’ বইতে করেছেন।

বিষয়ভিত্তিক তত্ত্বকথার গভীরে না গেলেও আমাদের বুঝতে অসুবিধা হয় না যে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে কমেছে বন-জঙ্গলের আয়তন। বন্যপ্রাণীদের আবাসস্থল ধ্বংস করে তৈরি হয়েছে মানুষের বাসস্থান, চাষাবাসের ক্ষেত, রাস্তাঘাট ইত্যাদি। যদিও দীর্ঘদিন ধরে অনেক আইন করে প্রোটেক্টেড ফরেস্ট, রিজার্ভ ফরেস্ট ঘোষণা হলেও সেই বনভূমির পরিমাণ যথেষ্ট নয় এবং তা সম্পূর্ণ ভাবে সুরক্ষিতও নয়। কারণ একটাই মানুষের বিভিন্ন চাহিদা ও জঙ্গলের উপর নির্ভরশীলতা। পশ্চিমবঙ্গের পরিপ্রেক্ষিতে দেখলে সুন্দরবন উত্তরবঙ্গের জঙ্গল বা পশ্চিমের জঙ্গলমহল অঞ্চল বাদ দিলে এ রাজ্যে আর তেমনভাবে কোথাও স্বাভাবিক বনাঞ্চল অবশিষ্ট নেই। কিন্তু এই নন ফরেস্ট এলাকাগুলিতেও অনেক বন্যপ্রাণীর দেখা মেলে। বিস্তীর্ণ জলাভূমি, তৃণভূমি, স্যাংক্রেড গ্রোভ, চাষের ক্ষেত বা অনাবাদী, পতিত জমিতে হওয়া ঝোপঝাড় ছাড়াও মানুষের বসতির ধারে কাছে এমন সব



জায়গায় অনেক ধরনের বন্যপ্রাণীরা নিজেদের মানিয়ে নিয়ে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রেখেছে। এদেরকে সাধারণভাবে আর্বান ওয়াইল্ডলাইফ বলা হয়। মানুষের সাথে সহাবস্থানে এরা অভ্যস্ত হয়ে পড়েছে। যদিও মানুষ সবক্ষেত্রে সহনশীল হয়ে এদের উপস্থিতি সহ্য করে না, তাই অনেক ক্ষেত্রেই বন্যপ্রাণ-মানুষের সংঘাত দেখা যায়। পরিসংখ্যানের দিকে তাকালে দেখতে পাবো এ রাজ্যে মানুষের বসতির আশেপাশে পাওয়া যায় ২৭ প্রজাতির স্তন্যপায়ী, ১৬ প্রজাতির সরীসৃপ আর ১৫০ এর বেশি প্রজাতির পাখি।

স্বাভাবিকভাবে গ্রামাঞ্চলে খোলা জায়গার পরিমাণ বেশি তাই বন্যজন্তুদের উপযুক্ত বাসস্থানের অভাব হয় না। পুকুর পাড়, নদী বা খালপাড় চাষের ক্ষেতের আল, থান বা মাজার, গোরস্থানের জঙ্গলের পরিবেশে এরা নিজেদের মানিয়ে গুছিয়ে নেয়। কিন্তু মফস্সল শহরতলী বা বড় শহরে নগরায়ণের দাপটে কীভাবে বন্যপ্রাণীরা তাদের অস্তিত্ব টিকিয়ে রেখেছে তা ভাববার বিষয়। কারণ শহরে জনসংখ্যার চাপ দিন দিন বাড়ছে, আর গ্রাম ছেড়ে মানুষ শহরমুখী হচ্ছে। আস্তে আস্তে গ্রামও আধা শহর হয়ে উঠছে। এরই সাথে আমরা হারিয়ে ফেলছি অনেক উদ্ভিদ ও প্রাণীদের। সজারু, প্যাঙ্গোলিন, ভোঁদড় বা মেছোবিড়ালকে কিন্তু আজ আর সর্বত্র দেখা যায় না। প্রাকৃতিক পরিবেশে এদের দেখা পাওয়া অত্যন্ত বিরল ঘটনা।



আবার ওলটচণ্ডাল, ওলটকম্বল, গাব, আঁশশ্যাওড়া, ডেওয়া, যজ্ঞিডুমুর, পিটুলীর মত গাছ আজ কংক্রিটের জঙ্গল থেকে হারিয়ে যেতে বসেছে। তবুও কংক্রিটের জঙ্গলের মাঝে একচিলতে জমি এখনও ফাঁকা পড়ে থাকে। যেখানে এখনো বাড়ি বা ফ্ল্যাট তৈরি হয়নি। অবহেলায়, অন্যদরে সেখানে জন্মায় কালকাসুন্দা, পুটুশ, ভেরেণ্ডা, ডুমুর, আকন্দ, রক্তদ্রোণ, হাতিশুড়, বিশল্যকরণী, তেলাকচুর মত বিচিত্র আগাছা। যা ছোটোখাটো জঙ্গলের চেহারা নেয়। শহরের মধ্যে এই সব ফাঁকা প্লট এখনো জীববৈচিত্র্যের আধার। বুলবুলি, ছাতারে, টুনটুনি, শালিখ, বসন্তবোরি, ঘুঘু, কুবো, কোকিল, মৌটুসিরা স্বচ্ছন্দে ঘুরে বেড়ায় এখানে। পুকুরের পাশে দেখা মেলে পানকৌড়ি, ডাঙ্ক, মাছরাঙা বা কৌচবকদের। কাক ছাড়াও আবর্জনা ফেলার জায়গা থেকে খাবার খুঁজে নেয় শালিক, ছাতারে বা গোবকের মতো পাখিরা। কুকুর, বিড়াল বা গরু ছাড়াও গৃহস্থলির জৈববর্জ্য থেকে খাবারের রসদ খুঁজে নেয় বেজির দল। রাতে খাবারের সন্ধানে বের হয় ভাম। ভাবতে অবাক লাগতে পারে সভ্যতার অগ্রগতির সাথে তাল মেলাতে না পেরে সহজাত শিকারী প্রাণীরা আজ খাদ্যের অভাবে আংশিক উচ্ছিষ্টভোজী। সাথে আছে জনরোষ, চোরাকারবার আর শিকার। প্রায়ই কাগজে চোখে পড়ে ভাম মেরে খাবার কথা, হাঁস-মুরগি চুরি করার অপরাধে পিটিয়ে বা বিষ দিয়ে মারার ঘটনা। বনদপ্তর আপ্রাণ চেষ্টা করেও বেজির লোম দিয়ে বানানো আঁকার তুলি তৈরির ব্যবসা পুরোপুরি বন্ধ করতে পারেনি। সাথে ‘রোড কিলিং’-এর জন্যে মারা যাবার ঘটনা তো আছেই। পাখিদেরও খুব একটা শাস্তি নেই মানুষের হাত থেকে। শিকার করার জন্যে মাছের মধ্যে বিষ দিয়ে জলায় পাখিদের শিকার করা হয়। এছাড়াও আরও অনেক শিকারের পদ্ধতি আছে। পাখি শিকারীদের মাছ চুরি আটকাতে পুকুরে যারা মাছ চাষ করেন তারা পুকুরের ওপর জাল দিয়ে ঘিরে রাখায় তাতে আটকা পড়ে মাছরাঙা, বিভিন্ন বক জাতীয় পাখি মারা যায়। এভাবেই আমাদের শহরে জীববৈচিত্র্য ক্রমশ হারিয়ে যাচ্ছে। দৈনিক ব্যস্ততার মধ্যে আমাদের এই বিষয়ে ভাববার অবকাশ কোথায়। তার চেয়ে চলুন দিব্যি চোখ, কান বুজে চলি যাতে ভবিষ্যৎ প্রজন্ম স্বেচ্ছা বইয়ের পাতাতেই গোসাপ, খটুশ বা শুশুককে দেখতে পায়।

বন্যপ্রাণীর পাশাপাশি অবিবেচকের মতো শহুরে পরিবেশ ধ্বংস করার কিছু উদাহরণ দেওয়া যাক। ধরুন আপনার পাড়ায় যে রাস্তা আজ থেকে পাঁচ বা দশ বছর আগেও ইটের ছিল আজ তা কংক্রিটের ঢালাই রাস্তা। আগে রাস্তার ধারে কিছুটা ফাঁকা জায়গা থাকত। এখন রাস্তার এ প্রান্ত থেকে ও প্রান্ত পুরো ঢালাই। বৃষ্টির জল একটুও মাটিতে ঢোকার পথ নেই। বর্ষার সব জল হয় দীর্ঘ সময় জমে থাকবে না তা নিকাশীর ব্যবস্থা করতে হবে অথবা ঢাল বেয়ে নর্দমায় পড়বে। তাহলে আমরা যে ভূনিম্নস্থ জলের ভান্ডার প্রতিনিয়ত নিঃশেষ করছি সেইটা পূরণ হবে কিভাবে? আজকের দিতে এটা কিন্তু খুব গুরুতর সমস্যা। আবার প্রায়ই দেখি রাস্তার ধারে হওয়া ছোটো আগাছা, ঘাস পুরকমীর তুলে পরিষ্কার করছেন। ঘাস বা যে কোনো গাছের শিকড় মাটিকে শক্ত করে ধরে রাখে। যার ফলে ভূমিক্ষয় রোধ হয়। এই পরিষ্কার কিন্তু বাস্তবে ভূমিক্ষয়ের প্রবণতা বাড়িয়ে তোলে। কংক্রিট গার্ডওয়াল তৈরি করে পুকুরের বাস্তুতন্ত্র ধ্বংস করা তো আমাদের চিরাচরিত অভ্যাস। এর ফলে পুকুরের পাড়ে যে জল-কাদার অংশটি থাকে তা গড়ে উঠতে পারে না। ফলত এই জায়গায় থাকা প্রাণী-উদ্ভিদ সব বাস্তুহারা হয়। কিন্তু পুকুরের এই অংশ বাস্তুতান্ত্রিক ভাবে খুবই গুরুত্বপূর্ণ। এই রকম জায়গাকে ইকোটোন (যে জায়গায় দুই বা তার বেশি বাস্তুতন্ত্র মিলিত হয়) বলে। এই ইকোটোন জীববৈচিত্র্যের দিক থেকে অত্যন্ত সমৃদ্ধ। কিন্তু পুকুরের পাড়ই যদি না থাকে তাহলে জীববৈচিত্র্য কোথায় যাবে। এই ভাবেই আমরা নাগরিক জীবনে পরিবেশ বন্যপ্রাণ মাটি বা জল কোনো কিছু সংরক্ষণের বিষয়েই ভাবি না বা আমাদের ভাববার অবকাশও নেই।

